গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এ নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (https://career.mist.ac.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাইতেছেঃ

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | উপসহকারী প্রকৌশলী<br>বেতন স্কেলঃ টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)<br>সিএসই বিভাগ | | ০১ | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল, কম্পিউটার, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, যন্ত্র প্রকৌশল, অ্যারোনোটিক্যাল, নেভাল আর্কিটেকচার, মেরিন টেকনোলজি, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, আইসিটি, কার্পেন্ট্রি, পাওয়ার, আর্কিটেকচার বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ২. | উপসহকারী প্রকৌশলী (ল্যাব)<br>বেতন স্কেলঃ টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | সিভিল ইঞ্জিনিয়ারিং-২<br>ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-৩<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-৮<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং-১ | ১৪ | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল, কম্পিউটার, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, যন্ত্র প্রকৌশল, অ্যারোনোটিক্যাল, নেভাল আর্কিটেকচার, মেরিন টেকনোলজি, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, আইসিটি, কার্পেন্ট্রি, পাওয়ার, আর্কিটেকচার বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৩. | উপসহকারী প্রকৌশলী (ড্রাফটিং)<br>বেতন স্কেলঃ টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | | ০১ | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচার বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪. | সহকারী ডাটা অ্যানালিস্ট<br>বেতন স্কেলঃ টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জিওগ্রাফি, জিওলজিক সাইন্স, এনভাইরনমেন্ট সাইন্স, পরিসংখ্যান বা কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি বা কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা বা কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) সফট্ওয়্যার ও ডাটা এনালাইসিস কাজে অভিজ্ঞতা। |

**অনলাইনে আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবে:**

১. প্রার্থীর বয়সসীমা ১৫ জুন ২০২৫ তারিখে (দরখাস্ত জমাদানের শেষ তারিখ) ১৮-৩২ বৎসরের মধ্যে হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনোপ্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না;

২. চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করিতে হইবে;

৩. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি;

(খ) পূরণকৃত Online Application Form ও Admit Card সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ০১ (এক) সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র;

(ঙ) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গ হইলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

(ছ) চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি এবং

(জ) বৈধ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ-এর মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) কপি ফটোকপি দাখিল করিতে হইবে;

৪. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী:**

(ক) আগ্রহী প্রার্থীগণ Online Application Portal (https://career.mist.ac.bd)-এ প্রবেশ করিয়া নির্ধারিত ফরম পূরণ করিতে পারিবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী Online Application Portal-এ পাওয়া যাইবে;

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮ মে ২০২৫ তারিখ, রবিবার, সকাল ৯:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ১৫ জুন ২০২৫ তারিখ, রবিবার, বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Online Payment Gateway System (SSLCOMMERZ)-এর মাধ্যমে Online Application Portal (https://career.mist.ac.bd) হইতে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন;

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁহার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হইতে হইবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের শুদ্ধতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন। ভুল বা অসত্য তথ্য দাখিল করা হইলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাঁহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন;

ঙ. **পরীক্ষার ফি প্রদান:** প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Online-এ আবেদনপত্রের সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকা অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা করিতে হইবে। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হইবে না"**।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট (Colour Print) করিয়া লইবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন;

ছ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

জ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি Online Application Portal (https://career.mist.ac.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে;

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হইলে যে কোনো অপারেটরের ফোন নম্বর হইতে হেল্পলাইন নম্বর: ০১৭৬৯০২৪১১৬ এ কল করিতে পারিবেন এবং প্রয়োজনে হেল্পলাইন ই-মেইল অ্যাড্রেস: career@mist.ac.bd এ যোগাযোগ করিতে পারিবেন;

ঞ. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.mist.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

৫. এই নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হইবে;

৬. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন;

৭. প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Online Application Form-এ উল্লেখ করিতে হইবে;

৮. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হইলে অনুসরণ করা হইবে;

৯. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণ কোনোপ্রকার টিএ/ডিএ প্রাপ্য হইবেন না;

১০. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নহেন এমন কোনো ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হইয়া থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হইবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক দন্ডিত হইয়া থাকেন কিংবা কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, স্বশাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকেন, তবে তিনি আবেদন করিবার জন্য যোগ্য বিবেচিত হইবেন না এবং

১১. এই নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৭/০৪/২০২০

সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি